# সিটিজেন চার্টার

## উপজেলা সমাজসেবা কার্যালয়
## দেওয়ানগঞ্জ,জামালপুর।
## সমাজসেবা অধিদফতর থেকে প্রদেয় সেবাসমূহের বিবরণী

| ক্রঃ নং | কার্যক্রম | সেবাসমূহ | সেবাগ্রহীতা | সেবাদান পদ্ধতি | সেবাপ্রাপ্তির সময়সীমা | সেবাদানকরী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | পল্লী সমাজসেবা কার্যক্রম | পল্লী অঞ্চলের দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মুল স্রোতধারায় আনয়ন। সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। ৫ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্যভুক্ত ব্যক্তিদের নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধিকরণ। | নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা যিনি আর্থসামাজিক জরিপ এর মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী সমাজসেবা কার্যক্রমের সদস্য /সদস্যা সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির "ক" ও "খ" শ্রেণীভুক্ত দরিদ্র ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ৬০ হাজার টাকা পর্যন্ত। | উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক গ্রাম নির্বাচন।<br>গ্রাম পর্যায়ে জরিপ, কর্মদল এবং গ্রাম কমিটি গঠন<br>ওরিয়েন্টেশন বা অবহিতকরণ।<br>ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>গ্রাম কমিটির সুপারিশ।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর প্রথমবার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ২. | পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম | পল্লী অঞ্চলের দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় আনয়ন। পরিকল্পিত পরিবার তৈরিতে সহায়তা। জাতীয় জনসংখ্যা কার্যক্রম বাস্তবায়ন, সচেনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়নে ১০ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্যভুক্ত নারীদের সংগঠিত করে নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধিকরণ। | নির্বাচিত গ্রামের স্থায়ী বাসিন্দা যিনি আর্থসামাজিক জরিপ এর মাধ্যমে সমাজসেবা অধিদফতরের তালিকাভুক্ত পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম সদস্য/সদস্যা সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও অন্যান্য সেবা প্রাপ্তির "ক" ও "খ" শ্রেণীভুক্ত দরিদ্র নারী; যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় ২৫ হাজার টাকা পর্যন্ত। | উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক গ্রাম নির্বাচন।<br>গ্রাম পর্যায়ে জরিপ, কর্মদল এবং গ্রাম কমিটি গঠন<br>ওরিয়েন্টেশন বা অবহিতকরণ।<br>ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>গ্রাম কমিটির সুপারিশ।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর প্রথমবার ঋণ (বিনিয়োগ) গ্রহণের জন্য আবেদনের পর ১ মাসের মধ্যে। ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে তাদের দক্ষতাভিত্তিক অথবা ব্যক্তি যে কাজে অভিজ্ঞ ও পারদর্শী সে কাজের জন্য তাকে অথবা তার পরিবারকে ৫ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। | দগ্ধ ও প্রতিবন্ধী যাদের মাথাপিছু বার্ষিক গড় আয় ১ লক্ষ টাকার নিচে। | ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | ১ম বার ঋণ বিনিয়োগের আবেদনের পর ১(এক) মাসের মধ্যে ২য়/৩য় পর্যায়ে ঋণ (পুনঃ বিনিয়োগ) এর জন্য আবেদনের পর ২০ দিনের মধ্যে । | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ৪. | বয়স্ক ভাতা কার্যক্রম | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বয়স্ক ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং যাদের বয়স ৬৫ তদুর্দ্ধ পুরুষ /৬২ তদুর্দ্ধ মহিলা যারা আর্থিকভাবে অস্বচ্ছল, দরিদ্র এবং অসহায়। | ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ৫. | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং যাদের বয়স ১৮ বছর বা তদুর্দ্ধ বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা; যারা আর্থিকভাবে অসচ্ছল, দরিদ্র এবং অসহায়। | ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলার আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ৬ | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং সুবর্ণ নাগরিক কার্ডধারী প্রতিবন্ধী ব্যক্তি যারা আর্থিকভাবে অস্বচ্ছল, দরিদ্র এবং অসহায়। | ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত হারে বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং বীর মুক্তিযোদ্ধা যার সরকার কর্তৃক নির্ধারিত ৩৩ ধরণের প্রমাণকের যেকোন ০১ টিতে নাম রয়েছে। | উপজেলা বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাগজাদি যাচাইঅন্তে ভাতাভোগী নির্বাচন।<br><br>G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমেভাতাভোগীদের ভাতা প্রদান করা হয়। | নতুন ভাতাভোগীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে এবং মৃত ভাতাভোগীদের ওয়ারিশদের আবেদনের প্রেক্ষিতে উপজেলা বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাগজাদি যাচাইঅন্তে সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা নির্বাহী অফিস এবং উপজেলা সমাজসেবা অফিস, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ৮ | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচী | ভাতা প্রদান।<br><br>প্রশিক্ষণ প্রদান।<br><br>শিক্ষা উপবৃত্তি প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং প্রকৃত হিজড়া যাদের বয়স ৫০ বছর বা তদুর্দ্ধ।<br><br>১৮-৪৮ বছর বয়সী হিজড়াদের জন্য ট্রেডভিত্তিক ৫০ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান।<br><br>৬-১৮ বছর বয়সী হিজড়া শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান। | উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ।<br><br>প্রশিক্ষণের জন্য সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রশিক্ষণার্থী মনোনয়ন। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতা গ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ।<br><br>বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। | জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ৯ | অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচী | ভাতা প্রদান।<br><br>প্রশিক্ষণ প্রদান।<br><br>শিক্ষা উপবৃত্তি প্রদান। | অত্র উপজেলার স্থায়ী এবং অনগ্রসর বাসিন্দা, যাদের বয়স ৫০ বছর বা তদুর্দ্ধ।<br><br>১৮-৪৮ বছর বয়সীদের জন্য ট্রেডভিত্তিক ৫০ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান।<br><br>৬-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান। | উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ।<br><br>প্রশিক্ষণের জন্য জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রশিক্ষণার্থী মনোনয়ন। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতা গ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ।<br><br>বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। | জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ১০ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান | প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪ টি স্তরে বিভক্ত করে শিক্ষা উপবৃত্তি প্রদান। | সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত ৫ বছরের উর্দ্ধে প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী যারা পারিবারিকভাবে দুঃস্থ ও অসহায়। | উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা উপবৃত্তি গ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ১১ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কার্যক্রম এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী শনাক্তকরণ। <br><br> জরিপ ফরম পূরণ, ছবি উত্তোলন এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং প্রকৃত প্রতিবন্ধী। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী শনাক্তকরণ। <br><br> জরিপ ফরম পূরণ, ছবি উত্তোলন এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী শনাক্তকরণ, জরিপ ফরম পূরণ, ছবি উত্তোলন এবং সর্বোচ্চ ০১ মাসের মধ্যে সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | উপজেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ১২ | রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম | হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র ও অসহায় রোগীদের প্রয়োজনীয় পরীক্ষা ও ঔষধ প্রদান। হাসপাতালের বর্হিঃবিভাগে চিকিৎসা নেয়া দরিদ্র রোগীদের ঔষধ সহায়তা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং প্রকৃত দরিদ্র রোগী। | হাসপাতালে ভর্তিকৃত এবং বর্হিঃবিভাগে চিকিৎসা নেয়া দরিদ্র রোগীদের ব্যবস্থাপত্র। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ফরমে আবেদন। | হাসপাতালে ভর্তিকৃত এবং বর্হিঃবিভাগে চিকিৎসা নেয়া দরিদ্র রোগীদের ব্যবস্থাপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনের সর্বোচ্চ ০২ দিনের মধ্যে ঔষধ প্রদানের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ১৩ | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবন্ধন ও তত্ত্বাবধান | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের নামকরণের ছাড়পত্র প্রদান। ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিয়ন্ত্রণ ও নিবন্ধন। অধ্যাদেশ ২ এর (চ) ধারায় বর্ণিত সেবামূলক কার্যক্রমে আগ্রহী সংস্থা /প্রতিষ্ঠান/ সংগঠন/বেসরকারী এতিম খানা/ক্লাব নিবন্ধন। | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক কার্যক্রম করতে আগ্রহী সংগঠন, প্রতিষ্ঠান ক্লাব, সংস্থা, সমিতি ইত্যাদি। | নির্ধারিত ফরমে আবেদনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল। <br><br> জাতীয় গোয়েন্দা সংস্থা কর্তৃক অনাপত্তি সনদ। | নামের ছাড়পত্রঃ পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫(পনেরো) কর্ম দিবস। নিবন্ধন সনদ প্রদানঃ পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ২০(বিশ) কর্ম দিবস। | জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ১৪ | সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে নিবন্ধনপ্রাপ্ত সংস্থাসমূহের মধ্যে অনুদান প্রদান | জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক অত্র উপজেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের মাঝে এককালীন অনুদান বিতরণ। | অত্র উপজেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ। | নির্ধারিত ফরমে আবেদন। প্রয়োজনীয় কাগজপত্র দাখিল।সমাজকল্যাণ পরিষদে প্রতি বছর আগস্ট মাসে জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করতে হয়। | সমাজকল্যাণ পরিষদে প্রতি বছর আগস্ট মাসে জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনের পর সর্বোচ্চ ১(এক) বছরের মধ্যে অনুদান প্রদান করা হয়। | জাতীয় সমাজকল্যাণ পরিষদ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | বেসরকারী এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান | ১৮ বছর বয়স পর্যন্ত এতিম শিশুদের প্রতিপালন। স্নেহ, ভালবাসা ও আদর যত্নের সাথে লালন পালন। আনুষ্ঠানিক শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান। | সমাজসেবা অধিদফতর থেকে নিবন্ধিত বেসরকারী এতিমখানায় ৬-৯ বছর বয়সী এতিম শিশু ভর্তির জন্য বিবেচিত হয় এবং ভর্তির পর ১৮ বছর বয়স পর্যন্ত ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত হন। | নির্ধারিত ফরমে আবেদনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিলপূর্বক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান। | বেসরকারী এতিমখানা কর্তৃক ক্যাপিটেশন গ্র্যান্টের আবেদন প্রাপ্তির পরবরাদ্দ সাপেক্ষে সর্বোচ্চ ৬(ছয়) মাসের মধ্যে। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ,জামালপুর। |
| ১৬ | প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিস | বিজ্ঞ আদালতের নির্দেশে লঘু অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তিদের শাস্তিপ্রদান স্থগিত রেখে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে পারিবারিক, সামাজিক পরিবেশে রেখে সংশোধন ও আত্মশুদ্ধির ব্যবস্থা করা।<br><br>কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা ও বৃত্তিমুলক প্রশিক্ষণ প্রদান। সাজাপ্রাপ্ত শিশুদের কারাগারে না রেখে কিশোর /কিশোরী উন্নয়ন কেন্দ্রে প্রবেশন অফিসার/সোস্যাল কেইস ওয়ার্কার এর তত্ত্বাবধায়নে কাউন্সিলিং এর মাধ্যমে শিশুর মানসিক বিকাশ উন্নয়ন ও সংশোধন। | সংশ্লিষ্ট আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত প্রবেশনার বা আইনের সংস্পর্শে আসা শিশু /কিশোর। | প্রবেশন এন্ড অফেন্ডার্স অডিনেন্স ১৯৬০ (সংশোধিত ১৯৬৪) এর ৫ ধারা মোতাবেক সংশ্লিষ্ট আদালত কর্তৃক যে কোনো বয়সের প্রথমবার ও লঘু অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি অথবা অভিযুক্ত ব্যক্তি নিজে দোষ স্বীকার করলে আদালত দন্ড স্থগিত রেখে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট মেয়াদে পরিবার বা সমাজে রেখে সংশোধন ও আত্নশুদ্ধির সুযোগ প্রদান করা হয়।<br><br>শিশু আইন ২০১৩ এর ধারা ৩৪ উপ-ধারা ৬ মোতাবেক শিশুদের শিশু উন্নয়ন কেন্দ্রে আটক রাখার পরিবর্তে সদাচরণের জন্য শিশু আদালতের আদেশক্রমে প্রবেশন সেবা প্রদান করা হয়। | আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমা<br><br>অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি/প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন প্রাপ্তির পর ১০ কর্মদিবসের মধ্যে। | বিজ্ঞ আদালত, জামালপুর , প্রবেশন কার্যালয়, জামালপুর, উপজেলা সমাজসেবা কার্যালয় এবং অফিসার ইনচার্জ, দেওয়ানগঞ্জ,জামালপুর। |